

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২২.১৭৬

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০

০১ জুন ২০২৩


বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৩৯৪৯/২০২৩ এবং ৪৫০২/২০২৩) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন স্থগিতকরণ/এডহক কমিটি গঠনের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	মামলা পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়			
১	৩৯৪৯/২০২৩	মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলাধীন "ঝিটকা আনন্দমোহন উচ্চ বিদ্যালয়" এর ম্যানেজিং কমিটির নির্বাচন স্থগিতকরণ সংক্রান্ত।	জনাব কাজী আবদুল মজিদ, আজীবন দাতা সদস্য, ঝিটকা আনন্দমোহন উচ্চ বিদ্যালয়, হরিরামপুর, মানিকগঞ্জ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ মোট ০৯ (নয়) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
২	৪৫০২/২০২৩	টাঙ্গাইল জেলার বাসাইল উপজেলাধীন "মারথা লিন্ডস্ট্রম নূরজাহান বেগম বালিকা উচ্চ বিদ্যালয়" এর দাখিলকৃত ম্যানেজিং কমিটির নির্বাচন ব্যবস্থা ত্রুটিপূর্ণ হবার কারণে প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ৩৯ মোতাবেক এডহক কমিটি গঠন সংক্রান্ত।	জনাব মো. আবুল কালাম মোস্তফা, সভাপতি, ম্যানেজিং কমিটি, মারথা লিন্ডস্ট্রম নূরজাহান বেগম বালিকা উচ্চ বিদ্যালয়, বাসাইল, টাঙ্গাইল।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ মোট ১০ (দশ) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৩৯৪৯/২০২৩ এবং ৪৫০২/২০২৩) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক ডাটাবেইজ-এ এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১-৬-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যানের দপ্তর


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২২.১৭৬/১(৩)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০  
০১ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



১-৬-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব